গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১১৮/২০১৭-১৮

ঢাকা, সোমবার ১৮ ডিসেম্বর ২০১৭, ৪ পৌষ ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জনগণ স্বাধীনতাবিরোধী অপশক্তিকে কখনো ভোট দেবে না : বিজয় দিবসের আলোচনাসভায় প্রধানমন্ত্রী

২। প্রধানমন্ত্রীর সাথে ইউএই রাষ্ট্রদূতের সাক্ষাৎ : বাংলাদেশে বিনিয়োগের আহ্বান

৩। রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনে ১৯ জন অনাবাসী কূটনীতিক

৪। প্রধানমন্ত্রীর সঙ্গে অনাবাসী দূতদের সাক্ষাৎ : রোহিঙ্গাদের প্রত্যাবাসনে সমর্থন ব্যক্ত

৫। রোহিঙ্গা প্রত্যাবাসনে আশাবাদী প্রধানমন্ত্রী : ফ্রান্স টোয়েন্টিফোরকে সাক্ষাৎকার

৬। শীঘ্রই ১০ হাজার চিকিৎসক নিয়োগ দেওয়া হবে : স্বাস্থ্যমন্ত্রী

৭। আন্তর্জাতিক অভিবাসী দিবস আজ : এ বছর কর্মী রপ্তানি ১০ লাখ ছাড়াবে

৮। প্রশ্ন ফাঁস ও দুর্নীতি মোকাবিলায় শিক্ষা মন্ত্রণালয়-দুদক একযোগে কাজ করবে

৯। ঢাকা উত্তরে মেয়র পদে উপনির্বাচন : জানুয়ারিতে তফসিল এবং ফেব্রুয়ারিতে ভোট

১০। মুক্তিযুদ্ধে অংশ নেওয়া ভারত ও তৎকালীন সোভিয়েত ইউনিয়নের নাগরিকদের সংবর্ধনা

চলমান পাতা-২

১। **জনগণ স্বাধীনতাবিরোধী অপশক্তিকে কখনো ভোট দেবে না : বিজয় দিবসের আলোচনাসভায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশের জনগণ কখনো স্বাধীনতাবিরোধী অপশক্তি তথা আগুন দিয়ে মানুষ পুড়িয়ে হত্যাকারী ও দুর্নীতিবাজদের ভোট দেবে না। দেশের মানুষ তাদের কখনো ক্ষমতায় আসতেও দেবে না। তিনি বলেন, স্বাধীনতার সুফল নিয়ে আর কাউকে ছিনিমিনি খেলতে দেয়া হবে না। আমরা তা করতে দেব না। গতকাল (১৭ ডিসেম্বর রোববার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে শহিদ বুদ্ধিজীবী দিবস ও বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষে আওয়ামী লীগ আয়োজিত আলোচনাসভায় সভাপতির ভাষণে প্রধানমন্ত্রী এ কথা বলেন। তিনি বলেন, বাঙালি জাতি এখন বিশ্বে মাথা উঁচু করে চলছে, আগামীতেও মাথা উঁচু করে চলবে সেটাই হবে আমাদের আজকের দিনের প্রতিজ্ঞা। সূত্র-**বণিক বার্তা** (পৃ,২.ক,১), **ইত্তেফাক** (পৃ,১.ক,৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,.ক,৬), **ডেইলি সান** (পৃ,১.ক,৬)।

২। **প্রধানমন্ত্রীর সাথে ইউএই রাষ্ট্রদূতের সাক্ষাৎ : বাংলাদেশে বিনিয়োগের আহ্বান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংযুক্ত আরব আমিরাতের ব্যবসায়ীদের বাংলাদেশে আরো বিনিয়োগের আহ্বান জানিয়ে বলেছেন, সরকার দেশের বিভিন্ন স্থানে একশ'টি অর্থনৈতিক অঞ্চল গড়ে তুলেছে। এসব অর্থনৈতিক অঞ্চলে বিনিয়োগের জন্য পর্যাপ্ত জায়গা ও শিল্প গড়ে তোলার অবকাঠামোও প্রস্তুত করা হয়েছে। আরব আমিরাতের ব্যবসায়ীরা এখানে যে কোনো ধরনের শিল্প স্থাপনের সুযোগ গ্রহণ করতে পারে। গতকাল (১৭ ডিসেম্বর রোববার) গণভবনে সংযুক্ত আরব আমিরাতের বিদায়ী রাষ্ট্রদূত সাঈদ বিন হাজার আল সেহি প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান। প্রধানমন্ত্রী দুদেশের মধ্যে 'গভর্নমেন্ট টু গভর্নমেন্ট' সহযোগিতা বৃদ্ধির অংশ হিসেবে বাংলাদেশের সরকারি ও কূটনৈতিক পাসপোর্টের ক্ষেত্রে আরব আমিরাতে ভিসামুক্ত চলাচলের সুযোগ সৃষ্টিরও আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ,১৯.ক,৭), **সংবাদ** (শেষ পৃ,.ক,১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ,৯.ক,২), **এশিয়ান এজ** (পৃ,১.ক,১)।

৩। **রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনে ১৯ জন অনাবাসী কূটনীতিক**

কক্সবাজারের উখিয়ায় রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেছেন বিভিন্ন দেশের অনাবাসী ১৯ জন কূটনীতিক। তারা গতকাল (১৭ ডিসেম্বর রোববার) রোহিঙ্গা ক্যাম্পের বিভিন্ন ব্লক ঘুরে দেখেন এবং নির্যাতিতদের সঙ্গে কথা বলেন। দিল্লিস্থ বাংলাদেশ হাইকমিশনের বিশেষ আমন্ত্রণে এসব কূটনীতিক বাংলাদেশ সফরে এসেছেন। দেশগুলো হচ্ছে বসনিয়া-হারজেগোভিনিয়া, বুলগেরিয়া, সাইপ্রাস, ইথিওপিয়া, জর্জিয়া, গ্রিস, মরিশাস, পর্তুগাল, স্লোভেনিয়া, ইউক্রেন, জাম্বিয়া, নাইজেরিয়া, চেক রিপাবলিক, অস্ট্রিয়া, ঘানা, নিউজিল্যান্ড, কেনিয়া ও ফিজি। কূটনীতিকদের সঙ্গে ছিলেন দিল্লিতে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সৈয়দ মোয়াজ্জেম আলী, উপ-হাইকমিশনার রাকিবুল হক এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তারা। সূত্র-**সমকাল** (পৃ,১৯.ক,৩), **ইত্তেফাক** (পৃ,১.ক,৫), **ডেইলি সান** (পৃ,২.ক,২), **অবজারভার** (পৃ,১.ক,৪)।

৪। **প্রধানমন্ত্রীর সঙ্গে অনাবাসী দূতদের সাক্ষাৎ : রোহিঙ্গাদের প্রত্যাবাসনে সমর্থন ব্যক্ত**

বাংলাদেশে নিযুক্ত অনাবাসিক দূতরা নিরাপত্তা ও মর্যাদাসহ রোহিঙ্গাদের সঠিক প্রত্যাবাসন নিশ্চিতকরণে বাংলাদেশকে তাদের সমর্থন দিয়েছেন। বাংলাদেশে নিযুক্ত ১৫ দেশের রাষ্ট্রদূত, হাইকমিশনার ও কূটনীতিকরা গতকাল (১৭ ডিসেম্বর রোববার) গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে সাক্ষাৎকালে এ সমর্থন দেন। নয়াদিল্লীভিত্তিক এসব মিশন প্রধান ও কূটনীতিকরা কক্সবাজারে রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শনের অভিজ্ঞতা বিনিময় করে প্রধানমন্ত্রীকে বলেন, তাদের (রোহিঙ্গা) ভোগান্তি খুবই বেদনাদায়ক। সূত্র-**জনকণ্ঠ** (পৃ,১.ক,৬), **ইত্তেফাক** (পৃ,১৯.ক,৪)।

**৫।	রোহিঙ্গা প্রত্যাবাসনে আশাবাদী প্রধানমন্ত্রী : ফ্রান্স টোয়েন্টিফোরকে সাক্ষাৎকার**

সহিংসতার মুখে পালিয়ে আসা রোহিঙ্গাদের স্বভূমিতে ফেরত পাঠাতে মিয়ানমারের সঙ্গে স্বাক্ষরিত চুক্তির বাস্তবায়ন ঘটবে বলে আশাবাদী প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্যারিসে ওয়ান প্ল্যানেট সামিটে অংশগ্রহণকালে দেশটির সম্প্রচারমাধ্যম ফ্রান্স টোয়েন্টিফোরকে দেওয়া এক সাক্ষাৎকারে একথা বলেন তিনি। মিয়ানমারে রোহিঙ্গাদের ওপর যে নিপীড়ন, নির্যাতন হয়েছে তা গ্রহণযোগ্য নয় বলে মন্তব্য করেন প্রধানমন্ত্রী। গতমাসে পররাষ্ট্রমন্ত্রীর সফরে রোহিঙ্গা প্রত্যাবাসন নিয়ে মিয়ানমার ও বাংলাদেশের মধ্যে সম্মতিপত্র স্বাক্ষর হয়। প্রধানমন্ত্রী বলেন, 'তারা চুক্তিতে স্বাক্ষর করেছে এবং তাদের ফিরিয়ে নেবে বলে সম্মতি দিয়েছে, তাদের প্রতি আমাদের আস্থা আছে। সে কারণে রোহিঙ্গাদের ফিরিয়ে নেওয়ার ব্যাপারে আমি আশাবাদী।' সূত্র-**জনকণ্ঠ** (পৃ,১.ক,৫), **সমকাল** (পৃ,১৯.ক,৩)।

**৬।	শীঘ্রই ১০ হাজার চিকিৎসক নিয়োগ দেওয়া হবে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, সারাদেশে চিকিৎসক সংকট কাটাতে অচিরেই ১০ হাজার চিকিৎসক নিয়োগ দেয়া হবে। এরমধ্যে খুব তাড়াতাড়ি ৫ হাজার চিকিৎসক নিয়োগ দেয়া হবে। চিকিৎসক নিয়োগ হয়ে গেলে গ্রামে-গঞ্জে আর চিকিৎসক সংকট থাকবে না। গতকাল (১৭ ডিসেম্বর রোববার) আখাউড়া স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শনে এসে তিনি এ কথা বলেন। স্বাস্থ্য কমপ্লেক্সে মতবিনিময়সভায় স্বাস্থ্যমন্ত্রী বলেন, আখাউড়া স্বাস্থ্য কমপ্লেক্সে লোকবল বাড়িয়ে এবং প্রয়োজনীয় যন্ত্রপাতি স্থাপন করে অচিরেই নবনির্মিত ৫০ শয্যার হাসপাতাল উদ্বোধন করা হবে। এই সূত্র-**সমকাল** (পৃ,১৯.ক,১), **ইত্তেফাক** (শেষ পৃ,.ক,৮)।

**৭।	আন্তর্জাতিক অভিবাসী দিবস আজ : এ বছর কর্মী রপ্তানি ১০ লাখ ছাড়াবে**

চলতি বছরে এখন পর্যন্ত মোট ৯ লাখ ৭৩ হাজার বাংলাদেশি কর্মীর বিদেশে কর্মসংস্থান হয়েছে। বছর শেষে এ সংখ্যা ১০ লাখ ছাড়াবে বলে আশা করা হচ্ছে। 'নিরাপদ অভিবাসন যেখানে, টেকসই উন্নয়ন সেখানে' এই প্রতিপাদ্যকে সামনে রেখে আজ আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০১৭ উদযাপনের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। গতকাল (১৮ ডিসেম্বর রোববার) মন্ত্রণালয়ের সভাকক্ষে এক সংবাদ সম্মেলনে জনশক্তি রপ্তানির সার্বিক অবস্থা তুলে ধরেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ,১.ক,৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ,৩.ক,৭), **এশিয়ান এজ** (পৃ,৩.ক,১)।

**৮।	প্রশ্ন ফাঁস ও দুর্নীতি মোকাবিলায় শিক্ষা মন্ত্রণালয়-দুদক একযোগে কাজ করবে**

কোচিং বাণিজ্য, প্রশ্ন ফাঁস ও শিক্ষক নিয়োগ বাণিজ্য এবং শিক্ষাক্ষেত্রে দুর্নীতির নানা তথ্য-উপাত্ত সংক্রান্ত বিষয়ে দুর্নীতি দমন কমিশনের (দুদক) করা সুপারিশ সংবলিত তদন্ত প্রতিবেদন শিক্ষামন্ত্রীর কাছে জমা দেওয়া হয়েছে। এ সময় শিক্ষাক্ষেত্রে দুর্নীতি, অসততার বিরুদ্ধে শিক্ষা মন্ত্রণালয় এবং দুদক একসঙ্গে লড়াই করার প্রতিশ্রুতি ব্যক্ত করা হয়। গতকাল (১৭ ডিসেম্বর রোববার) দুদক কমিশনার ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান ড. নাসিরউদ্দীন আহমেদ শিক্ষাক্ষেত্রে দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে গঠিত 'শিক্ষা সংক্রান্ত প্রাতিষ্ঠানিক টিম'র অনুসন্ধানী প্রতিবেদন আনুষ্ঠানিকভাবে জমা দেন। সভায় শিক্ষামন্ত্রী বলেন, প্রশ্নপত্র ফাঁস রোধসহ বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এজন্য সকলের সহযোগিতা প্রয়োজন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ,১.ক,২), **ডেইলি সান** (পৃ,১.ক,৫), **এশিয়ান এজ** (পৃ,১.ক,৮)।

**৯।	ঢাকা উত্তরে মেয়র পদে উপনির্বাচন : জানুয়ারিতে তফসিল এবং ফেব্রুয়ারিতে ভোট**

ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র পদে উপনির্বাচনের সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। আগামী মাসের মধ্যভাগে নির্বাচনের তফসিল ঘোষণা করা হবে। ফেব্রুয়ারির শেষ সপ্তাহে হবে ভোট। একই দিনে ভোট হবে উত্তর সিটি করপোরেশনে যুক্ত নতুন ১৮টি ওয়ার্ডের কাউন্সিলর পদে। দক্ষিণ সিটি করপোরেশনে যুক্ত নতুন ১৮টি ওয়ার্ডেও কাউন্সিলর নির্বাচনের তফসিল ও ভোট হবে একই সঙ্গে। গতকাল (১৭ ডিসেম্বর রোববার) নির্বাচন কমিশনের বৈঠকে এসব সিদ্ধান্ত হয়েছে। প্রধান নির্বাচন কমিশনার কে এম নুরুল হুদার সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে চার নির্বাচন কমিশনার উপস্থিত ছিলেন। সূত্র-**সমকাল (পৃ.১,ক.১), ইত্তেফাক** (পৃ,১.ক,২) **ইন্ডিপেনডেন্ট** (পৃ,১.ক,৫), **ডেইলি সান** (শেষ পৃ,.ক,১)।

**১০।	মুক্তিযুদ্ধে অংশ নেওয়া ভারত ও তৎকালীন সোভিয়েত ইউনিয়নের নাগরিকদের সংবর্ধনা**

একাত্তরের মুক্তিযুদ্ধে মিত্রবাহিনীর ভারতীয় সদস্য এবং তৎকালীন সোভিয়েত ইউনিয়নের নৌবাহিনীর সদস্যদের সংবর্ধনা দিয়েছে সরকার। মুক্তিযুদ্ধে সহায়তাকারী ভারতীয় সশস্ত্র বাহিনীর ২৬ জন এবং মুক্তিযুদ্ধ-পরবর্তী সময়ে চট্টগ্রাম বন্দরের 'মাইন সুইপিংয়ে' অংশ নেওয়া তৎকালীন সোভিয়েত ইউনিয়নের তিন সদস্যকে গতকাল (১৭ ডিসেম্বর রোববার) এ সংবর্ধনা দেওয়া হয়। এ উপলক্ষে রাজধানীর সোনারগাঁও হোটেলে এক অনুষ্ঠানের আয়োজন করে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়। এছাড়াও গতকাল বাংলাদেশ বিমানবাহিনী মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী ভারত ও তৎকালীন সোভিয়েত ইউনিয়নের নাগরিকদের সংবর্ধনা দিয়েছে। সূত্র-**সমকাল** (পৃ,২.ক,৮), **সংবাদ** (শেষ পৃ,.ক,৬)।

সম্পাদকীয়

ক.	**সংবাদ :** বিজয় দিবসে মুক্তিযুদ্ধের চেতনায় যুদ্ধাপরাধী রাজাকার ও জঙ্গিমুক্ত অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ার শপথ নেওয়াকে স্বাগত জানিয়ে মুক্তিযুদ্ধের চেতনায় সব শুভশক্তিকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান।

খ.	**ভোরের কাগজ, যায়যায়দিন :** আসন্ন রংপুর সিটি করপোরেশন নির্বাচন যাতে নির্বিঘ্ন, নিরাপদ ও সহিংসতামুক্ত হয় সেব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

গ.	**প্রথম আলো :** গত এপ্রিলে হাওরাঞ্চলে বন্যায় যে ফসল বিপর্যয় ঘটেছে আগামী মৌসুমেও তার পুনরাবৃত্তির আশঙ্কা দেখা দিয়েছে উল্লেখ করে বন্যা নিয়ন্ত্রণে বাঁধ নির্মাণের ওপর গুরুত্বারোপ।

ঘ.	**সমকাল :** দেশের অনেক কারাগারে মাদক ব্যবহারের অভিযোগ পাওয়া যাওয়ায় তা আমলে নিয়ে এ ব্যাপারে কারা প্রশাসনকে জোরালো পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ.	**যায়যায়দিন :** দেশ হতে বিভিন্ন ফল রপ্তানি করায় তা অর্থনীতিতে অবদান রাখছে উল্লেখ করে এ অগ্রগতির ধারা অব্যাহত রাখার প্রত্যাশা ব্যক্ত।

চ.	**ইন্ডিপেনডেন্ট :** প্রবাসীকর্মীদের নিরাপত্তায় সরকারকে আরও কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ.	**ডেইলি সান :** সরকারি-বেসরকারি বিমান সংস্থায় কর্মরত সংশ্লিষ্ট এয়ারলাইনস স্টাফদের ডাটা নিরাপত্তামূলক কার্যক্রমের অধীনে আনার ব্যবস্থা জোরদার করার আহ্বান।

জ.	**ডেইলি স্টার :** ঢাকা উত্তর সিটি করপোরেশন এলাকায় সড়ক উন্নয়নে বিভিন্ন সংস্থার মধ্যে কাজের সমন্বয়ের ওপর গুরুত্বারোপ।

ঝ. **নিউ নেশন :** কোমল পানীয়তে মাত্রাতিরিক্ত ক্যাফেইনের উপস্থিতি জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর হওয়ায় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণ সংস্থাকে পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, নদী দখলরোধ ও দূষণমুক্ত করতে হলে রাষ্ট্রকে আইনের সঠিক প্রয়োগের ক্ষেত্রে কঠোর হতে হবে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'বিশ্ববিদ্যালয়ে শুদ্ধাচার চর্চা নিশ্চিত করতে হবে'** শিরোনামের নিবন্ধে অশুদ্ধ চর্চাকে পরিহার করে বিশ্ববিদ্যালয় শিক্ষাব্যবস্থাকে ঢেলে সাজাতে হবে বলে অভিমত প্রকাশ।

#

খাদীজা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০